

# আজ খুলনায় প্রধানমন্ত্রীর বিআইটি সমাবর্তনে যোগদান ও বাগেরহাটে দড়াটানা সেতু উদ্বোধন

খুলনা ব্যায়োঃ দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের প্রকৌশল শিক্ষার বিদ্যাপীঠ খুলনা বিআইটির ২য় সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিতে প্রধানমন্ত্রী খালেদা জিয়া আজ (শনিবার) সকাল ১১টায় খুলনায় আসছেন। প্রধানমন্ত্রী হিসেবে বেগম জিয়ার এটাই প্রথম খুলনা বিআইটিতে আগমন। এই উপলক্ষে বিআইটিকে সাজানো হয়েছে বর্ণাঢ্যরূপে। সকল প্রত্নতিও সশস্ত্র। খুলনা বিআইটি ১৯৬৭ সালে খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজ

হিসেবে যাত্রা শুরু করে। ১০১ একর জমির উপর মনোরম পরিবেশে সেপনজট ও দ্ব্যাক্সনীয়মুক্ত বিআইটির একাডেমিক কার্যক্রম চালু হয়েছে। খুলনা বিআইটি অচিরেই প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে পরিণতি লাভ করতে যাবে। প্রধানমন্ত্রী ইতিপূর্বে যোগা দিয়াছেন, দেশের ৪টি বিআইটিকে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে অচিরেই রূপ দেয়া হবে। খুলনা বিআইটির ২য় সমাবর্তনের

এবং বিভিন্ন বিভাগ থেকে পাশ করা ১১ জন মেধাশীল ছাত্র-ছাত্রীকে স্বাতন্ত্র্যের ভিত্তি প্রদান করা হবে। এ. জেনা ০৪১ জুন খুলনা বিআইটিতে রেজিস্ট্রেশন করেছেন। সেনাবাহিনীর সিগন্যাল কোর থেকে আগত ১৭ জন কর্মকর্তাকে টেলি কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং-এর স্বাতন্ত্র্য ভিত্তি প্রদান ছাড়াও বিআইটির ২৯ জন মেধাশীল ছাত্র-ছাত্রীকে প্রধানমন্ত্রীর স্বর্ণপদক প্রদান করা হবে ৪টি সমাবর্তন অনুষ্ঠানে। ২-৪৪ ৭৪৮-এর কঃ

## আজ খুলনায় প্রধানমন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর এমিকে, বাগেরহাট জেলা সর্বোদমতা জানান, প্রধানমন্ত্রী আজ জেলার ভৈরব নদীর উপর নির্মিত দড়াটানা সেতুটি উদ্বোধন করবেন। বাগেরহাটবাসীর স্বপ্নের এই দড়াটানা সেতুটি উদ্বোধনের মধ্য দিয়ে গোটা দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মালামাল পরিবহন ও সড়ক যোগাযোগের ক্ষেত্রে এক নবদিশার উন্মোচন হবে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া দুপুর ১টায় খুলনা থেকে হেলিকপ্টারযোগে বাগেরহাট পৌছাবেন। সরাসরি তিনি ঐতিহাসিক হযরত খান জাহান আলী (রহঃ)-এর মাজারে যাবেন এবং মাজার জিয়ারত শেষে পড়া দীঘির পাড়ে নবনির্মিত মহিলা ও পিতৃ-কিশোরী হেফাজতীদের নিরাপদ আশ্রয় কেন্দ্রের উদ্বোধন করবেন। এরপর বিকেল ৩-৩০ মিনিটে তিনি দড়াটানা সেতুর উদ্বোধন করবেন ও এক সুধী সমাবেশে বক্তৃতা করবেন। ৩৩ কোটি ৩০ লাখ ৪৫ হাজার টাকায় মূল সেতুটির দৈর্ঘ্য ৬৩০:৫০ মিটার, এর সংযোগ সড়কের দৈর্ঘ্য ১৩৩০ মিটার। ফুটপাথসহ সেতুটির প্রস্থ ১০ মিটার। দুটি এপার্টমেন্টসহ ১২টি পিলারের উপর সেতুটি নির্মিত। এছাড়া সেতুটিতে রয়েছে ১৩টি স্টার। যার দৈর্ঘ্য ৪৮.৫০ মিটার। পানি থেকে সেতুটির উচ্চতা ৪০ ফুট।